

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

প্রশাসন শাখা

www.blri.gov.bd


নম্বর ৩৩.০৫.২৬৭২.২০১.৯৯.০৯৯.১৯.৩০৫

তারিখ ১৪ শ্রাবণ ১৪২৬

২৯ জুলাই ২০১৯

### বিজ্ঞপ্তি

ডেঙ্গু একটি ভাইরাসজনিত জ্বর যা এডিস মশার মাধ্যমে ছড়ায়। এই মশা সাধারণতঃ ভোরবেলা ও সন্ধ্যার পূর্বে কামড়ায়। সাধারণ চিকিৎসাতেই ডেঙ্গু জ্বর সেরে যায়, তবে ডেঙ্গু শক সিনড্রোম এবং হেমোরাজিক ডেঙ্গু জ্বর মারাত্মক হতে পারে। বর্ষার সময় এ রোগের প্রকোপ বাড়তে পারে। ডেঙ্গু জ্বরের বাহক এডিস মশা পরিষ্কার পানিতে বংশ বিস্তার করে। প্রেক্ষিতে, অফিস, ঘর ও আশেপাশে পানি জমতে দেয়া ঠিক নয়। ছাদ, বাগান, ফুলের টব, নালা ও অন্যান্য পাত্রে/জায়গায় জমে থাকা পানি ৩ (তিন) দিনের মধ্যে পরিবর্তন করা আবশ্যিক। লম্বা পোশাক পরিধান ও দিনে ঘুমানোর সময় মশারী ব্যবহার ডেঙ্গু জ্বর প্রতিরোধে সহায়ক হতে পারে। সতর্কতা ও প্রতিরোধমূলক ব্যবস্থা ডেঙ্গু জ্বর থেকে বাঁচার গুরুত্বপূর্ণ হাতিয়ার। ডেঙ্গু জ্বর প্রতিরোধ বিষয়ে ব্যক্তিগত সচেতনতার পাশাপাশি সংশ্লিষ্ট সকলকে এডিস মশার বংশ বিস্তার রোধে প্রয়োজনীয় উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।



১৯-৭-২০১৯

ড. নাথু রাম সরকার

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮ ০২ ৭৭৯১৬৭৬

ফ্যাক্স: +৮৮ ০২ ৭৭৯১৬৭৫

ইমেইল: infoblri@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) নোটিশ বোর্ড, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ২) সকল বিভাগীয় প্রধান
- ৩) সকল প্রকল্প পরিচালক, বিএলআরআই, সাভার, ঢাকা
- ৪) সকল কর্মকর্তা, সাপোর্ট সার্ভিস, বিএলআরআই, সাভার, ঢাকা